টেক্সাসে মুখোমুখি হচ্ছেন মোদি-ট্রাম্প

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ফের বৈঠকে বসবেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউস জানিয়েছে, টেক্সাসের ‘হাওদি মোদি’ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে।

আগামী ২২ সেপ্টেম্বর মোদির উপস্থিতিতে হিউস্টনের এনআরজি স্টেডিয়ামে আয়োজিত ওই অনুষ্ঠানে অংশ নেবেন ৫০,০০০ এর বেশি ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক। আমেরিকার মাটিতে সবচেয়ে বেশি ভোট পেয়ে সেরা বিদেশি নেতা নির্বাচিত হয়েছেন মোদি। খবর এনডিটিভির

এদিকে আগামী বছরই আমেরিকার প্রেসিডেন্ট হিসাবে পুনর্নির্বাচিত হওয়ার জন্যে লড়াই করবেন ডোনাল্ড ট্রাম্প। মনে করা হচ্ছে এই অনুষ্ঠানে উপস্থিত ভারতীয়-মার্কিনরাও প্রেসিডেন্ট ট্রাম্পের সম্ভাব্য ভোটার।

এক বিবৃতিতে হোয়াইট হাউস জানিয়েছে, হিউস্টনে, প্রেসিডেন্ট ট্রাম্প ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে একটি অনুষ্ঠানে অংশ নেবেন। মার্কিন যুক্তরাষ্ট্র এবং ভারতের জনগণের মধ্যে সম্পর্ক আরও দৃঢ় করার দিকে জোর দেওয়া হবে, বিশ্বে এই দুই দেশের মধ্যকার কৌশলগত অংশীদারিত্বকে পুনরায় নিশ্চিত করার একটি দুর্দান্ত সুযোগ হবে। পাশাপাশি আমেরিকার সঙ্গে বিশ্বের প্রাচীনতম এবং বৃহত্তম গণতন্ত্রের শক্তি এবং বাণিজ্য ক্ষেত্রে সম্পর্ক আরও দৃঢ় করার বিষয়ে আলোচনা করা হবে।

মার্কিন হাউস মেজরিটি লিডার স্টেনি হোয়ার এবং দ্বিতীয় সর্বোচ্চ ডেমোক্র্যাট এবং মেরিল্যান্ডের প্রতিনিধি হিউস্টনে এই অনুষ্ঠানে ভাষণ দেবেন। পাশাপাশি অনুষ্ঠানে যোগ দেবেন সেখানকার গভর্নর, কংগ্রেসের সদস্য, মেয়র এবং অন্যান্য সরকারি কর্মকর্তা সহ এক প্রতিনিধি দল। আমেরিকান-হিন্দু কংগ্রেস ওম্যান তুলসি গ্যাবার্ড এবং ভারতীয়-আমেরিকান কংগ্রেস সদস্য রাজা কৃষ্ণমূর্তি সহ বেশ কিছু নেতাও এই মেগা ইভেন্টে যোগ দেবেন।